লেন্স এশিয়া

২২ জুলাই, ২০২৫

# বিক্ষোভের মধ্যে কলেজের পেছনের গেট দিয়ে মাইলস্টোন ত্যাগ করলেন দুই উপদেষ্টা



সংগৃহীত ছবি

উত্তরার মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে শিক্ষার্থীদের তীব্র বিক্ষোভের মধ্যে শিক্ষা উপদেষ্টা সি. আর. আবরার ও আইন উপদেষ্টা আসিফ নজরুল কলেজের পেছনের গেট দিয়ে ক্যাম্পাস ত্যাগ করেছেন। বিষয়টি নিশ্চিত করেছেন উত্তরা অঞ্চলের অতিরিক্ত ডিআইজি মো. মুহিদুল ইসলাম।

সকালে বিমানবাহিনীর একটি যুদ্ধবিমান মাইলস্টোন কলেজে বিধ্বস্ত হওয়ার পর ঘটনাস্থল পরিদর্শনে যান দুই উপদেষ্টা। তবে শিক্ষার্থীদের ক্ষোভের মুখে তারা কলেজ ক্যাম্পাসেই অবরুদ্ধ হয়ে পড়েন। একপর্যায়ে ভবন-৫ এ আশ্রয় নেন উপদেষ্টারা। তখন বাইরে থেকে ইট, লাঠি ও বোতল নিক্ষেপ করে উত্তেজিত শিক্ষার্থীরা।

পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে সেনাবাহিনী ও বিজিবি সদস্যরা কলেজে প্রবেশ করেন। পুলিশের উপস্থিতিতেই উপদেষ্টারা গাড়ি বহরে কলেজের ভেতর থেকে বের হলেও মূল সড়কে পৌঁছানো সম্ভব হয়নি। গোলচত্বরে আন্দোলনরত শিক্ষার্থীরা রাস্তায় ব্যারিকেড দিয়ে তাদের যাত্রা আটকে দেন। পরে উপদেষ্টারা আবার ক্যাম্পাসে ফিরে যান এবং কিছুক্ষণ অবস্থান করে পেছনের গেট দিয়ে নিরাপত্তার মধ্য দিয়ে কলেজ ছাড়েন।

শিক্ষার্থীরা সকাল থেকেই বিভিন্ন দাবিতে ক্যাম্পাসে অবস্থান নেন। তাদের দাবি ছিল—নিহতদের পরিচয় প্রকাশ, আহতদের সুনির্দিষ্ট তালিকা, শিক্ষকদের প্রতি অসদাচরণের জন্য নিঃশর্ত ক্ষমা, উপযুক্ত ক্ষতিপূরণ, ঝুঁকিপূর্ণ যুদ্ধবিমান বাতিল এবং প্রশিক্ষণ ব্যবস্থার আমূল সংস্কার। এই আন্দোলনে শিক্ষার্থীদের সঙ্গে একাত্মতা প্রকাশ করেন অনেক অভিভাবকও।

এখনো গোলচত্বরে শিক্ষার্থীরা বিক্ষোভ চালিয়ে যাচ্ছেন।

LENS ASIA